# MANAN

सालः पुरजना देवी कदाचिदथ लुंबिनीम्।
जगामानुमते राज्ञः संभूतोत्तमदोहदा॥ १॥२३



शाखामालंबमानायाः पुष्पभारावलंबिनीम्।
देव्याः कुक्षिं विभिद्याशु बोधिसत्वो विनिर्ययौ॥ १।२४

- An Academic Journal of
All Bengal State Govt. College Teachers' Association

# MANAN

An Academic Journal of
All Bengal State Govt. College Teachers' Association

Vol. III No. 2, July 2016

Board of Advisors:
Nimai Ch. Saha, Honourable VC, Burdwan University
Lakshminarayan Gupta, Retd. Prof. of English, Burdwan University
Debidas Chattaraj, Retd. Prof. of Mathematics, Presidency College (presently University)
Subrata Panda, Retd. Prof. of English, Moulana Azad College
S.C. Biswas, Professor of Library and Information Science, Burdwan University
Arup Kr. Das, Professor in Bengali, Calcutta University
Pranab Hazra, Chief Librarian, Sidho-Kanho-Birsa University
President, ABSGCTA
Susanata Roy Karmakar, General Secretary, ABSGCTA

EDITOR
Dr. Shyam Sundar Kundu

Board of Editors:
Dr. Madhumita Manna
Dr. Sanjiban Sengupta
Dr. Pranab Kr. Ganguly
Dr. Sutapa Sanyal
Dr. Sudip Kr. Ghosh
Md. Abdur Rafik Sardar
Dr. Sourav Chakraborty
Ayan Banerjee
Ariktam Chatterjee
Dr. Raj Kumar Singh
Tapas Kumar Pal
Rhitabrata Chatterjee
Roopamala Saha

**Published by: The General Secretary, All Bengal State Govt. College Teachers' Association, Goenka College of Commerce and Business Administration, 2nd Floor, 210, B. B. Ganguly Street, Kolkata - 700 012. (Registered under W. B. Societies Registration Act. 1961, No. S/46170 of 1984-85)**

# MANAN

An Academic Journal of

All Bengal State Govt. College Teachers' Association

Vol. III No. 2, July 2016


## CONTENTS


| Sl. No. | Article | Author | Page |
|---|---|---|---|
| 1. | Ahmad Amin Adibun Wa Mufakkerun Wa Muarrekhun Wa Katebun Misriyun | Syed Mustafa Murshed Jamal Shah Al-Quadri | 1-17 |
| 2. | Socio Economic Status of Scheduled Caste in South 24 Paraganas District : A Survey Type Study on ASHUTI Village. | Palash Das, Subrata Naskar | 18-27 |
| 3. | Change and continuity of library as a social and human institution: a sustainable approach. | Pranab Kumar Ganguly | 28-42 |
| 4. | Angry Young Men Movement | Surama Bera | 43-48 |
| 5. | শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের কিশোর গোয়েন্দা কাহিনি | অরুণাভ চক্রবর্তী | 49-52 |
| 6. | গণতান্ত্রিক আদর্শ—কঠিন বাস্তবতা | সঞ্জীব মাজী | 53-56 |
| 7. | সাহিত্য ও চলচ্চিত্র | মোস্তাক আলি | 57-62 |
| 8. | Historiography in the works of Amir Khusrau | Syed Md. Iqbal Shah Alquadri | 63-67 |
| 9. | ওড়িয়া সবুজ সাহিত্যে রবীন্দ্র প্রভাব | ঝুনঝুন ঘোষ | 68-73 |
| 10. | প্রসঙ্গ : রক্তচণ্ডালের হাড় | আবদুস সালাম | 74-77 |
| 11. | Library Support in E-Learning Mode of Teaching-Learning | Sujit Chattopadhyay | 78-88 |
| 12. | মধ্যবঙ্গ অথবা রাঢ় ও সংলগ্ন (বীরভূম, বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়া, মুর্শিদাবাদ, নদিয়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর) সংগ্রহশালার বিকাশ ও পরিবর্তন | জীবনানন্দ বসু | 89-111 |
| 13. | সংখ্যা পাঁচ এবং রঙ্গনাথন | শ্যামসুন্দর কুণ্ডু | 112-131 |
| 14. | Prey Selection in Relation to the Mosquito Control Efficacy of Guppy | Sutapa Sanyal | 132-138 |
| 15. | Descartes mind - body dualism: A critical analysis | Dipa Goswami | 139-144 |

# সাহিত্য ও চলচ্চিত্র

মোস্তাক আলি*

আমাদের অনেক বন্ধু-বান্ধবদের মধ্যে একটি প্রশ্ন প্রায়ই শোনা যায়—'অমুক বই ভালো না', 'অমুক হলে কী বই ফেলেছে বলতে পারিস?' অর্থাৎ 'বই' বা চলচ্চিত্রকে গ্রন্থের সঙ্গে এক করে দেওয়া। আবার হল ফেরৎ এক বন্ধু হঠাৎ একদিন বলল—'বিভূতির মাথা কাটা গেছে'। বন্ধুটির 'চাঁদের পাহাড়' দেখার পর এমন-ই প্রতিক্রিয়া। অর্থাৎ আমরা অনেকেই সাহিত্যাশ্রিত চলচ্চিত্রের সাহিত্যরস পান করতে বেশী আগ্রহী। যদিও সাহিত্য ও চলচ্চিত্র দুটি স্বতন্ত্র শিল্পমাধ্যম। সাহিত্য নির্ভর হয়েও পরিচালক কাহিনির চলচ্চিত্রায়ণে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করেন। কোন পরিচালক যদি বা চলচ্চিত্রে আখ্যানকে প্রাধান্য দেন, কেউ কেউ আখ্যানকে প্রান্তিক করেন। আদি-মধ্য-অন্ত সমন্বিত নিটোল গল্পের স্বাদ সেখানে পাওয়া যায় না—মিশে যায় পরিচালকের মনন কখনও বা সময়, রাজনীতি...। ভারতীয় চলচ্চিত্রের জন্মলগ্ন থেকে চলচ্চিত্রের সবচেয়ে বড় বন্ধন সাহিত্যের সঙ্গে। দুটি আলাদা মাধ্যম হলেও চলচ্চিত্র অনন্য। কারণ "নাটকের দ্বন্দ্ব, উপন্যাসের কাহিনি ও পরিবেশ বর্ণনা, সঙ্গীতের গতি ও ছন্দ, পেইন্টিংসুলভ আলোছায়ার ব্যঞ্জনা এ সবই চলচ্চিত্রে স্থান পেয়েছে।"[১] উপরন্তু ইমেজ ও ধ্বনির ভাষা স্বতন্ত্র। দৃশ্যায়ণে সাহিত্যের ভাব ও ভাষাগত ইমেজ চলচ্চিত্রে দৃশ্য ও শব্দগত ইমেজে রূপান্তরিত হয়। সাহিত্যে যেখানে কোন ইমেজের অবজেকটিভ বিচার করা হয়, চলচ্চিত্রে সেই ইমেজের সাবজেকটিভ রূপটিকে তুলে ধরা হয়। এছাড়া চলচ্চিত্র যেহেতু দেখানোর জন্য নির্মিত হয়, সাহিত্য পড়ানো বা শোনানোর জন্য তাই দুইয়ের-ই গড়ে ওঠে বিভিন্ন প্রকরণ ও ব্যাকরণ। সাহিত্য ও চলচ্চিত্র যেহেতু আলাদা মাধ্যম তাই আখ্যানের প্রয়োগও অন্যভাবে হয়ে থাকে। সাহিত্যিক যখন কোন বিষয়ের অবতারণা করেন ভাষার মাধ্যমে তখন বিচিত্র বিষয় প্রাধান্য পায়। তাঁর ভালোলাগা, মন্দলাগা, নিজস্ব দর্শন, মনন, মেজাজ মেশানো থাকে। মনের মাধুরী মিশিয়ে, উপমা, রূপক, চিত্রকল্পের আশ্রয়ে আখ্যান নির্মাণ করেন। কথাশিল্পী যখন কোনো বিষয়ের অবতারনা করেন পাঠক তার থেকে মূল আখ্যানকে গ্রহণ করেন। চলচিত্রকারের আখ্যান নির্মানের দক্ষতা কাহিনিকারের থেকে অনেক বেশি। এখানে একাধিক বিষয়ের মাধ্যমে আখ্যান অনন্য মাত্রা পায়। শুধুমাত্র ক্যামেরা ব্যবহারের কৌশল ও শব্দযন্ত্রের মাধ্যমে নয়, নির্বাকতাও চলচ্চিত্রের আখ্যানকে অন্য মাত্রা দেয়। এছাড়া শারীরিক অঙ্গভঙ্গী, ইশারা, সঙ্গীত, আবহসঙ্গীত, ক্যামেরা দূরত্ব, ক্যামেরা কোন, ক্যামেরা মুভমেন্ট, মনতাজ প্রভৃতি ব্যবহারের উপরে চলচ্চিত্রের আখ্যান নির্মিত হয়। কথার পিঠে কথা সাজিয়ে কাহিনিকার তাঁর গল্পের কাঠামো নির্মাণ করেন। তাঁর বর্ণনার বিষয়ে স্বাধীনতা থাকে। তাই কাহিনির আখ্যানে বর্ণিত বিষয়বস্তু বিস্তারিত। চলচ্চিত্রের আখ্যানে সীমাবদ্ধতা লক্ষ করা যায়। চলচ্চিত্রে লিখিত আখ্যানের মত অনুপুঙ্খ বর্ণনা সম্ভব নয় বলে সেমুর চ্যাটম্যানকে বলতে শোনা গেছে—"and if it is the case that story-time necessary continues two roles in films, and if description entails preciously the arrest of story time, then it is resonable to argue that films do not and cannot describe"।[২] সাহিত্যের আখ্যানে যে চরিত্র বা বিষয়ের বর্ণনা থাকে তা অসম্পূর্ণ। আখ্যান

* Asst. Prof. Acharya Prafulla Roy Govt. College, Matigara, Darjeeling, E-mail : mostakfeb@gmail.com